

## ছাত্রদলের নেতৃত্বে ছাত্র না অচাত্র

নিজসংগঠিত  
প্রতিবেদক

২৮ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ মে ২০১৯ ০৩:২৯



ছাত্রদলের কমিটি গঠনের তোড়জোড় শুরু হতেই নেতৃত্ব নির্বাচনে বয়সের সীমারেখা নিয়ে সংগঠনটির বর্তমান ও সাবেক নেতাদের মতভিন্নতা জোরালো হয়ে উঠেছে। বর্তমান কমিটির নেতারা অচাত্রদের দিয়ে এবং সাবেক নেতারা নিয়মিত ছাত্রদের দিয়ে কমিটি গঠনের পক্ষে। গতকাল সোমবার বর্তমান কমিটির নেতারা তাদের দাবি জানিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে স্মারকলিপি দিয়েছেন। নীতিমালা তৈরির দায়িত্বপ্রাপ্ত সাবেক নেতারাও তাদের প্রস্তাব পাঠিয়েছেন।

এ অবস্থায় বর্তমান কমিটির নেতাদের সঙ্গে কথা বলবেন তারেক রহমান। নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে গতকাল ছাত্রদলের কেন্দ্রীয়, ঢাকা মহানগরসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পাঁচ শতাধিক নেতাকর্মী দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রূপে কবির রিজভীর মাধ্যমে এই স্মারকলিপি দেন। জানা গেছে, ৩১ মে ও ১ জুন লক্ষণ থেকে স্কাইপের মাধ্যমে কেন্দ্রীয় কার্যালয়ে বর্তমান কমিটির নেতাদের সঙ্গে কথা বলবেন তারেক রহমান। ছাত্রদলের স্মারকলিপিতে বয়সের সুনির্দিষ্ট সীমারেখা না রেখে সংগঠনের কমিটি গঠনের চিরাচরিত ঐতিহ্য অনুসরণ করে একটি ধারাবাহিক কমিটি আগামী বছরের ১ জানুয়ারি পর্যন্ত গঠনের অনুরোধ করা হয়েছে।

এতে বলা হয়, পরে স্বল্পমেয়াদী একটি ধারাবাহিক কমিটি গঠন করা হলে সংগঠন গতিশীল হবে বলে আমরা মনে করি। ছাত্রদলের বর্তমান কমিটির নেতা এবং যাদের ছাত্রত্ব নেই মূলত তারাই নিয়মিত ছাত্রদের দিয়ে কমিটি গঠনের বিরুদ্ধে। স্মারকলিপিতে তারা বলেছেন, ‘চলমান বাস্তবতায় এই মুহূর্তে এই ধরনের সিদ্ধান্ত দলের জন্য আত্মাভাবী হতে পারে- যা-

দলের জন্য দীর্ঘমেয়াদে ক্ষতির কারণ হতে পারে।'

এদিকে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি গঠনের নীতিমালা তৈরি করতে সংগঠনের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকদের সমন্বয়ে ১২ সদস্যের একটি কমিটি কাজ করছে। এই কমিটি গত মার্চ থেকে একাধিক বৈঠক করে নির্বাচনের মাধ্যমে নিয়মিত ছাত্রদের সমন্বয়ে কমিটি গঠনের প্রস্তাব করে। গত রবিবার স্কাইপের মাধ্যমে তাদের সঙ্গে কথাও বলেন তারেক রহমান।

এই নেতারা হলেন শামসুজ্জামান দুহু, আসাদুজ্জামান রিপন, আমানউল্লাহ আমান, রঞ্জল কবির রিজভী, খায়রুল কবির খোকন, শহীদউদ্দিন চৌধুরী এ্যানী, এবিএম মোশাররফ হোসেন, আজিজুল বারী হেলাল, শফিউল বারী বাবু, আমিরুল ইসলাম খান আলিম, আবদুল কাদির ভূইয়া জুয়েল, হাবিবুর রশিদ হাবিব। তাদের প্রায় সবারই নিজস্ব অনুসারী রয়েছে। এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছাত্রদলের দুই সাবেক সভাপতি আমাদের সময়কে জানান, নিয়মিত ছাত্রদের সমন্বয়ে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ভোটাভুটির মাধ্যমে ছাত্রদলের কমিটি গঠন করতে চান তারা। সে অনুযায়ী প্রস্তাব তৈরি করে তারেক রহমানকে দিয়েছেন।